**বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন**
সিকিউরিটিজ কমিশন ভবন
ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭
www.sec.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৮৮ তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ
১০ জুন ২০২০ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৭২৮ তম কমিশন সভা অদ্য ১০/০৬/২০২০ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহও গৃহীত হয়েছেঃ

১. কমিশনের অদ্যকার সভায় ডেল্টা হাসপাতাল লিমিটেড কর্তৃক প্রাথমিক গণপ্রস্তাব (IPO) এর মাধ্যমে সাধারণ শেয়ার ইস্যুর করে ৫০ (পঞ্চাশ) কোটি টাকার তহবলি উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে সাধারণ শেয়ারের প্রান্ত মূল্য (Cut-off) নির্ধারণের জন্য যোগ্য বিনিয়োগকারীগনের (যোগ্য বিনিয়োগকারী) বিডিং এর অনুমোদন গত ১১/০২/২০২০ তারিখে প্রদান করা হয়েছিল। বিডিং সম্পন্ন হয়ে কোম্পানিটির সাধারণ শেয়ারের প্রান্ত মূল্য (Cut-off) ১১.০০ টাকায় নির্ধারিত হয়। ইতোমধ্যে ডেল্টা হাসপাতাল লিমিটেড স্বয়ং প্রাথমিক গণপ্রস্তাব (IPO) বাতিলের জন্য কমিশন বরাবর গত ০২/০৬/২০২০ তারিখে আবেদন দাখিল করে। আজকের সভায় কমিশন ডেল্টা হাসপাতাল লিমিটেড এর উক্ত প্রাথমিক গনপ্রস্তাব (IPO) এর বাতিলের আবেদন অনুমোদন করেছে।

এছাড়াও যোগ্য বিনিয়োগকারীগন কর্তৃক জমাকৃত ডেল্টা হাসপাতাল লিমিটেড এর বিডিং এর চাঁদা স্টক এক্সচেঞ্জ আগামী ৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২. অদ্যকার সভায় কমিশন বে-মেয়াদী 'CWT-Sadharan Bima Growth Fund' –এর খসড়া প্রসপেক্টাস অনুমোদন করেছে। ফান্ডটির প্রাথমিক লক্ষ্যমাত্রা হচ্ছে ১০ (দশ) কোটি টাকা। ফান্ডটির উদ্যোক্তার অংশ ১ কোটি টাকা এবং সকল বিনিয়োগকারীদের জন্য বরাদ্দ রাখা হয়েছে ৯ কোটি টাকা যা ইউনিট বিক্রয়ের মাধ্যমে উত্তোলন করা হবে। ফান্ডটির ইউনিট প্রতি অভিহিত মূল্য ১০ টাকা। ফান্ডটির উদ্যোক্তা সাধারণ বীমা কর্পোরেশন ও সম্পদ ব্যবস্থাপক সিডব্লিউটি এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি লিমিটেড। ফান্ডটির ট্রাস্টি এবং কাস্টডিয়ান হিসেবে কাজ করছে যথাক্রমে ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এবং ব্র্যাক ব্যাংক লিমিটেড।

৩. খুরশীদ সিকিউরিটিজ লিঃ (ব্লুচীপ সিকিউরিটিজ লিঃ) ডিএসই ট্রেক নং ৪৭ –এ কমিশন কর্তৃক পরিচালিত তদন্ত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয়ঃ

(ক) কোম্পানি নথিপত্র ও তথ্য তাদের custody তে সুসজ্জিতভাবে না রেখে sec 21(2) of the Securities and Exchange Ordinance, 1969 ভঙ্গ হয়েছে;
(খ) কোম্পানি তাঁদের গ্রাহক কর্তৃক উপযুক্তভাবে buy/sale orders পরিচালনা না করায় Rule 4(1) of Securities and Exchange Rules, 1987 ভঙ্গ হয়েছে;
(গ) কোম্পানি প্রয়োজনীয় নথিপত্র তাদের তত্ত্বাবধানে (custody) সংরক্ষণ না করায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৭ ভঙ্গ হয়েছে;
(ঘ) কমিশন কর্তৃক নিয়োজিত পরিদর্শণ দলকে চাহিত নথিপত্র ও তথ্যাদি প্রদান না করায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ অনুযায়ী প্রদত্ত সনদের ৪নং শর্তাবলী ভঙ্গ হয়েছে; এবং
(ঙ) কোম্পানি তাদের অদক্ষ কার্যক্রমের মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর দ্বিতীয় তফসিলে বর্ণিত আচরণবিধি ১১ ভঙ্গ হয়েছে।

এছাড়াও, অভিযোগকারী জনাব মোঃ মাহবুব আলম (Client Code # A 110) এর সাথে উক্ত কোম্পানির অভিযোগ নিষ্পত্তি হয়ে গেছে বিধায় কমিশন হতে আর কোন ব্যবস্থা নেয়ার প্রয়োজন নেই মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

কোম্পানির প্রাক্তন নির্বাহী অফিসার (CEO) জনাব আনিসুর রহমান, অভিযোগকারী জনাব আজহারুল ইসলাম (Client Code # A 5817)সহ বিভিন্ন ব্যক্তির নামে অসৎ উদ্দেশ্যে অনেক বিও হিসাব চালু করেছিল। খুরশীদ সিকিউরিটিজ লিঃ (ব্লুচীপ সিকিউরিটিজ লিঃ) এর কোম্পানির প্রাক্তন নির্বাহী অফিসার জনাব আনিসুর রহমান পরিচালিত হিসাবসমূহ হতে তাদের পাওনা আদায়ের লক্ষ্যে ঐ সমস্ত হিসাবে রক্ষিত সিকিউরিটিজ সমূহ বিক্রয় করে আংশিকভাবে সমন্বয় করে। অবশিষ্ট পাওনা বাবদ কোম্পানির প্রাক্তন নির্বাহী অফিসার জনাব আনিসুর রহমান কোম্পানিকে একটি চেক প্রদান করে এবং পরে অপর্যাপ্ত স্থিতি (balance) থাকার কারণে ঐ চেক dishonor হয়। ফলে কোম্পানি জনাব আনিসুর রহমান এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে। বর্ণিতাবস্থায় কমিশন হতে আর কোন ব্যবস্থা নেয়ার প্রয়োজন নেই মর্মে অদ্যকার সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

৪. রিলাইয়্যান্স ব্রোকারেজ সার্ভিসেস লিমিটেড (ডিএসই ট্রেক নং- ৬২ এবং সিএসই ট্রেক নং- ৮৮) —এ কমিশন কর্তৃক পরিচালিত তদন্ত প্রতিবেদনে নিম্নবর্ণিত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গের বিষয়গুলি উল্লেখিত হয়ঃ

রিলাইয়্যান্স ব্রোকারেজ সার্ভিসেস লিমিটেড তাদের দুইজন গ্রাহকের হিসাবে তাদের তিন মাসের নেট ক্যাপিটাল ব্যালেন্স (net capital balance) এর গড় এর ২৫% এর অধিক ঋণ প্রদানের মাধ্যমে Rule 5 (i) of Margin Rules, 1999 ভঙ্গ হয়েছে।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় রিলাইয়্যান্স ব্রোকারেজ সার্ভিসেস লিমিটেড -কে সতর্কপত্র ইস্যু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. কমিশন কর্তৃক উদঘাটিত প্রতিবেদনে দেখা যায় যে, ফার্ষ্ট লীড সিকিউরিটিজ লিমিটেড (সিএসই ট্রেক নং- ১২২), সিনহা সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক নং- ৬৭), সাদ সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক নং- ১১৮), সিলেট মেট্রো সিটি সিকিউরিটিজ লিমিটেড (সিএসই ট্রেক নং- ২৫), ডন সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক নং- ১৪১), শামীম সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক নং- ৮৩) কর্তৃক CDBL এ তাদের বার্ষিক হিসাব রক্ষণ ফি পরিশোধে ব্যর্থ হয়েছে। ফলে তারা ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর তফসিল- ৪ এর প্রবিধান ৪৮ ভঙ্গ হয়েছে।

উল্লেখ্য, আগামী আগস্ট ২০২০ এর মধ্যে উল্লেখিত ডি.পি. সমূহকে তাদের বার্ষিক হিসাবরক্ষণ ফি সম্পূর্ণভাবে পরিশোধ করার জন্য নির্দেশ প্রদান করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। উক্ত সময়ের মধ্যে উল্লেখিত ডি.পি. সমূহ বার্ষিক হিসাবরক্ষণ ফি পরিশোধে ব্যর্থ হলে ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৪৮ এবং তফসিল- ৪ অনুসারে প্রদত্ত সেবা প্রদান বন্ধ করার জন্য CDBL কে নির্দেশ প্রদানের এবং পাওনা আদায়ের জন্য আইনগত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তও গৃহীত হয়।

১০/০৮/২০২০
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।